

ট্রেডিং কর্পোরেশন অব বাংলাদেশ
প্রধান কার্যালয়
ঢাকা

নং-২৬.০৫.২৬.৯০.০০৫.৯০.০১১.১৯২.১৬-১৮/

তারিখঃ ১৮-১২-২০১৮খ্রিঃ

"অফিস আদেশ"


টিসিবি প্রধান কার্যালয় ঢাকায় কর্মরত কম্পিউটার অপারেটর জনাব আবদুল জব্বার এর জন্ম তারিখ ০১-১০-১৯৬০খ্রিঃ এবং চাকুরিতে যোগদানের তারিখ ৩০-১২-১৯৮৯খ্রিঃ অনুসারে আগামী ৩১-১২-২০১৮খ্রিঃ তারিখ তার চাকুরির বয়স ২৯ বছর ১ দিন পূর্ণ হবে। তাঁর আবেদনের প্রেক্ষিতে গণকর্মচারী (অবসর) আইন, ১৯৭৪ এর ধারা ৯(১) অনুসারে কর্তৃপক্ষের সিদ্ধান্তক্রমে তাঁকে ৩১-১২-২০১৮খ্রিঃ তারিখ থেকে ২৫ বছর চাকুরি পূর্তিতে ঐচ্ছিক অবসর প্রদানসহ নিম্নোক্ত সুবিধাদি মঞ্জুর করা হলোঃ

(ক) জনাব আবদুল জব্বার ৩১-১২-২০১৮খ্রিঃ তারিখ মাসিক পেনশন আনুতোষিকের আওতায় সংস্থার চাকুরি থেকে অবসর গ্রহণ করবেন;

(খ) তিনি ০১-০১-২০১৯খ্রিঃ তারিখ হতে ৩১-১২-২০১৯ খ্রিঃ তারিখ পর্যন্ত ১২(বার) মাস গড় বেতনে " অবসরোত্তর ছুটি" ভোগ করবেন এবং বিধি মোতাবেক সুযোগ সুবিধাদি প্রাপ্ত হবেন।

(গ) অবসরোত্তর ছুটি শেষে তিনি মাসিক পেনশনের আওতায় আর্থিক সুবিধাদি প্রাপ্য হবেন;

(ঘ) অবসরোত্তর ছুটির জন্য প্রয়োজনীয় ছুটি বাদে তাঁর গড় বেতনে জমাকৃত ১ বছর ৫ মাস ২৫ দিন এবং অর্ধ গড় বেতনে ২ বছর ৫ মাস অর্জিত ছুটি জমা থাকবে। উক্ত ছুটি হতে বিধি মোতাবেক জাতীয় বেতন স্কেল ২০১৫ এর আওতায় ১৮ মাসের ছুটি তার ৩১-১২-২০১৮খ্রিঃ তারিখে আহরিত মূল বেতন অনুসারে ছুটি নগদায়নের অর্থ ৩১-১২-২০১৮খ্রিঃ তারিখের পর টিসিবি প্রধান কার্যালয় ঢাকা হতে প্রাপ্য হবেন।


(আশরাফুজ্জামান)
সচিব(যোগ্যসচিব)

জনাব আবদুল জব্বার
কম্পিউটার অপারেটর
টিসিবি প্রধান কার্যালয়
ঢাকা।

সদয় জ্ঞাতার্থে অনুলিপিঃ

- ১। চেয়ারম্যান, টিসিবি, ঢাকা।
- ২। পরিচালক(প্রশাসন ও অর্থ), টিসিবি, ঢাকা।
- ৩। পরিচালক(বাণিজ্যিক এবং সিএমএস ও বিওবি), টিসিবি, ঢাকা।

অবগতি ও কার্যার্থে অনুলিপিঃ

- ১। প্রধান কর্মকর্তা(অর্থ ও হিসাব), টিসিবি, ঢাকা।
- ২। উপ-সচিব(প্রশাসন), টিসিবি, ঢাকা।
- ৩। উপ-উর্ধ্বতন কার্যনির্বাহী(বেতন), টিসিবি, ঢাকা।
- ৪। ব্যক্তিগত নথি।
- ৫। মহানথি।